

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।



উপজেলা মহিলা ও শিশু বিষয়ক সহায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।

স্থান : ভাইস চেয়ারম্যান-এর অফিস কক্ষ।

তারিখ : ১৩/০৯/২০২২; সময় : বেলা ১১:০০টা।

উপজেলা পরিষদের মহিলা ও শিশু বিষয়ক সহায়ী কমিটির অদ্যকার সভার প্রারম্ভে সভাপতি সকলকে ধন্যবাদ ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এরপর তিনি সভাকে আজকের আলোচ্য বিষয় সম্পর্কে অবহিত করেন।

আলোচ্য বিষয়	সুপারিশসমূহ	বাস্তবায়নকারী
০১। ভি ডব্লিউ বি কর্মসূচী : চলমান ২০২১-২০২২চক্রের সুবিধাভোগীদের মাঝে সেপ্টেম্বর/২০২২ মাসের খাদ্য বিতরণের জন্য ইউনিয়ন চেয়ারম্যানদের অনুকূলে ডিও জারী করা হয়েছে। সুবিধাভোগীদের সম্বন্ধে টাকা নিয়মিত তাদের নিজস্ব একাউন্টে জমা হচ্ছে এবং ভি ডব্লিউ বি এর এন জি ও কর্মী ভি ডব্লিউ বি উপকারভোগীদেরকে নিয়মিত প্রশিক্ষণ নিয়ে আলোচনা।	০১। ব্যাংকএশিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে প্রত্যেক মাসে নিয়মিত ব্যাংক স্টেটমেন্ট প্রদান করবে। ০২। খাদ্য বিতরণের দিন ব্যাংকের এজেন্ট ইউনিয়ন পরিষদে অবশ্যই উপস্থিত থাকবেন এবং সুবিধাভোগীদের জমার রশিদ প্রদানকরত টাকা সেদিনই ব্যাংকে জমা দিয়ে স্টেটমেন্ট প্রদান করবে। ০৩। টাকা জমা প্রদানের রশিদ ব্যতিত কোন সুবিধাভোগীকে খাদ্য বিতরণ কর যাবে না। ০৪। ট্যাগ অফিসারের উপস্থিতিতে খাদ্য বিতরণ নিশ্চিত করবেন।	ব্যাংক এশিয়া চেয়ারম্যান (সকল)
০২। মা ও শিশু সহায়তা কর্মসূচীঃ দরিদ্র মার জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচি বর্তমানে মা ও শিশু সহায়তা কর্মসূচিতে রূপান্তরিত করা হয়েছে।	০১। সদর কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী বরাদ্দ পাওয়া সাপেক্ষে কার্যক্রম শুরু হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
০৩। ইউনিয়ন নারী নির্যাতন প্রতিরোধ কমিটি : উক্ত কমিটির রেজুলেশন প্রতি মাসে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করার কথা থাকলেও, অদ্য পর্যন্ত কোন ইউনিয়ন পরিষদ হতে সভার কার্যবিবরণী পাওয়া না যাওয়ায় জেলা কমিটির কাছে ইউনিয়নসমূহের নারী ও শিশু বিষয়ক কোন তথ্য প্রেরণ করা সম্ভব হয় না।	০১। প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে উপজেলা কমিটির কাছে এ সংক্রান্ত বিভিন্ন তথ্য রেজুলেশনে অন্তর্ভুক্ত করে প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের পুনরায় অনুরোধ করা হল।	চেয়ারম্যান (সকল)
০৪। বাল্যবিবাহ নিরোধ কমিটিঃ জেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সিদ্ধান্ত মোতাবেক গত ০৯ ডিসেম্বর/২০১৮তারিখে অত্র উপজেলাকে এবং ১৬ই ডিসেম্বর/২০১৮ তারিখে কুমিল্লা জেলাকে বাল্যবিবাহমুক্ত জেলা হিসেবে ঘোষণা করা হয়েছে। সেই লক্ষ্যে ইউনিয়ন পরিষদের প্রতিটি ওয়ার্ড এবং শিক্ষাপ্রতিষ্ঠানে শহানীয়া জনপ্রতিনিধি, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, ছাত্র, শিক্ষক এবং সরকারী ও বেসরকারী চাকুরীজীবির সমন্বয়ে গঠিত বাল্যবিবাহ নিরোধ কমিটি বাল্যবিবাহ যেন না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখা এবং এর কুফল ও আইন সম্পর্কে প্রচার প্রচারনা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা।	০১। ইউনিয়ন এবং ওয়ার্ড বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি প্রচার প্রচারনার বিষয়ে সক্রিয় ভূমিকা পালন করবেন।	চেয়ারম্যান (সকল)